

**শিক্ষক কর্মচারীদের চাকরি জাতীয়করণ
বাজেটে বরাদ্দ না থাকায়
শিক্ষক সমিতির ক্ষোভ**

স্টাফ রিপোর্টার: ২০১৩-১৪ অর্থ বছরের
জাতীয় বাজেটে বেসরকারী মাধ্যমিক
বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের চাকরি
জাতীয়করণের জন্য বরাদ্দ না থাকায়
(কোভ) প্রকাশ করেছেন বাংলাদেশ
শিক্ষক সমিতি: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
সুপারভাইসার মহাসচিব ইয়াস আদী খান
বাকরিত পক্ষে বিবৃতিতে এই বক্তব্য
প্রকাশ করেছেন। বিবৃতিতে ইয়াস আদী
খান বলেন, এ বাজেটে শিক্ষা ও শিক্ষক
সাক্ষর নয়। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষকদের দেশের ৯৫ ভাগ শিক্ষার্থীদের
শিক্ষাদান করলেও সরকার আমাদের
সাথে বিমাতা মূলত আচরণ করছে।
বাংলাদেশ শিক্ষক সমিতি দীর্ঘ দিন থেকে
বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়তর শিক্ষক-
কর্মচারীদের চাকরি জাতীয়করণের
দাবি করে আসলেও সরকার এ বিষয়ে
কোন করণীয় করছে না। তিনি বলেন,
অতীতের কোন সরকারই বেসরকারী
শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের
ন্যায় দাবি উপেক্ষা করে কখনো মনমানে
টিকে থাকতে পারেনি। তাই বেসরকারী
মাধ্যমিক বিদ্যালয়তর শিক্ষক কর্মচারীদের
চাকরি জাতীয়করণ, ঈদুল ফিতর ও ঈদুল
আযহার পূর্ণাঙ্গ ভাতা প্রদানের জন্য চলতি
বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে জন্য
তিনি প্রধানমন্ত্রী, অর্থমন্ত্রী ও শিক্ষামন্ত্রী
প্রতি জোর দাবি জানান।